# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 29.03.24** **Time: 7.35 A.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) একশো দিনের কাজ প্রকল্পে দৈনিক মজুরি বাড়লো। বাংলায় মজুরি বেড়েছে ১৩ টাকা।

২) লোকসভা নির্বাচনের জন্য বিশেষ সাধারণ পর্যবেক্ষক হিসাবে রাজ্যে আসছেন অবসরপ্রাপ্ত আইএএস আলোক সিনহা। বিশেষ পুলিশ পর্যবেক্ষক নিযুক্ত হয়েছেন অনিল কুমার শর্মা।

৩) বসিরহাট লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী রেখা পাত্র, তাঁর ব্যক্তিগত তথ্য প্রকাশ্যে আনার জন্য তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে জাতীয় মহিলা ও তপশিলি কমিশনে অভিযোগ জানিয়েছেন।

৪) ভোটের প্রচারে সচিন তেন্ডুলকরের ছবি ব্যবহার করা নিয়ে নির্বাচন কমিশন, জেলাশাসকের কাছে রিপোর্ট তলব করেছে।

৫) সন্দেশখালিতে ইডি আধিকারিকদের ওপর হামলার ঘটনায় মূল অভিযুক্ত শেখ শাহজাহানকে জেল হেফাজতে পাঠিয়েছে বসিরহাট আদালত।

---

একশো দিনের কাজ প্রকল্পে দৈনিক মজুরি বাড়লো। ২০২৪-২৫ অর্থবর্ষে তিন থেকে ১০ শতাংশ মজুরি বৃদ্ধির বিজ্ঞপ্তি জারি করেছে কেন্দ্র।

সংশোধিত হার অনুযায়ী, পশ্চিমবঙ্গে MGনারেগা-য় কাজ করলে এখন থেকে মিলবে ২৫০ টাকা। হরিয়ানায় বর্ধিত মজুরি হবে ৩৭৪ টাকা। গোয়ায় ৩৫৬, কর্নাটকে ৩৪৯, কেরালায় ৩৪৬ এবং পাঞ্জাবে ৩২২ টাকা। কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রক জানিয়েছে, আগামী পয়লা এপ্রিল থেকে মজুরি বৃদ্ধির বিজ্ঞপ্তি কার্যকর হবে। আদর্শ আচরণবিধি বলবত থাকায় নির্বাচন কমিশনের অনুমতি নিয়ে এই বিজ্ঞপ্তি জারি করা হয়েছে।

-------------------------------

লোকসভা নির্বাচনে এরাজ্যের জন্য বিশেষ সাধারণ পর্যবেক্ষক হিসেবে নিযুক্ত হয়েছেন অবসরপ্রাপ্ত আইএএস অফিসার আলোক সিন্‌হা। প্রাক্তন আইপিএস অনিল কুমার শর্মা বিশেষ পুলিশ পর্যবেক্ষক হিসেবে রাজ্যে আসছেন।

উল্লেখ্য, গত বিধানসভা নির্বাচনে’ও অনিল শর্মা বিশেষ পুলিশ পর্যবেক্ষক হিসেবে দায়িত্বভার সামলেছেন। নিয়ম অনুযায়ী তিনি বিশেষ পর্যবেক্ষক অলোক সিন্‌হার কাছে রিপোর্ট পেশ করবেন।

-------------------------------

উত্তর ২৪ পরগণার বসিরহাট লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী রেখা পাত্রর ব্যক্তিগত তথ্য প্রকাশ করা নিয়ে সোশ্যাল মিডিয়ায় তৃণমূল কংগ্রেস এবং জাতীয় মহিলা কমিশেনর প্রধান রেখা শর্মার মধ্যে বাগযুদ্ধ শুরু হয়েছে। সন্দেশখালির প্রতিবাদী মুখ রেখার স্বাস্থ্য সাথী কার্ডের ছবি এক্স হ্যান্ডেলে পোস্ট করে তৃণমূল কংগ্রেস, তাঁর বিরুদ্ধে দ্বিচারিতার অভিযোগ করে। তৎক্ষণাত্‌ তার জবাবে রেখা শর্মা ঐ সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে লেখেন, স্বাস্থ্য সাথীর সুবিধা মুখ্যমন্ত্রী নিজের টাকা থেকে নয়, রাজ্যের নাগরিকদের করের টাকা থেকে দিচ্ছেন। তৃণমূল কংগ্রেসের আচরণ দেখে মনে হয় রাজ্যটা মমতা ব্যানার্জীর মালিকানাধীন।

দিল্লীর জমিদার শব্দবন্ধ নিয়েও প্রশ্ন তুলেছেন জাতীয় মহিলা কমিশনের চেয়ারপার্সন। পাল্টা তৃণমূল কংগ্রেস বলেছে, বাংলা থেকে কর বাবদ চার লক্ষ ৬০ হাজার কোটি টাকা নিয়ে গিয়ে গুরুত্বপূর্ণ প্রকল্প বাবদ এক লক্ষ ৬০ হাজার কোটি টাকা আটকে রাখার জন্যই কেন্দ্রীয় সরকারকে দিল্লীর জমিদার আখ্যা দিয়েছে তারা।

রেখা পাত্র-র ব্যক্তিগত তথ্য ফাঁসের অভিযোগ করে বিজেপির আইটি সেলের প্রধান অমিত মালব্য এক্স হ্যান্ডেলে বলেছেন, এই তথ্য প্রকাশ্যে আসার ফলে যদি কোনো অঘটন ঘটে, তাহলে তার দায় নিতে হবে তৃণমূল কংগ্রেসকে। এব্যাপারে অবিলম্বে উপযুক্ত পদক্ষেপ করার জন্য তিনি নির্বাচন কমিশনের কাছেও আবেদন জানিয়েছেন।

তাঁর ব্যক্তিগত তথ্য প্রকাশ্যে আনার জন্য জাতীয় মহিলা ও তপশিলি কমিশনের কাছে তমলুক লোকসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী দেবাংশু ভট্টাচার্য্যের বিরুদ্ধে অভিযোগ জানিয়েছেন রেখা।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারি আজ বসিরহাটে তাঁকে নিয়ে রোড শো করবেন বলে জানিয়েছেন। গতসন্ধ্যায় যাদবপুরে এক জনসভায় তিনি, রেখা পাত্র-র স্বাস্থ্যসাথী কার্ডের তথ্য প্রকাশ্যে আনার জন্য তৃণমূল কংগ্রেসের তীব্র নিন্দা করেন।

বাইট

-------------------------------

বহরমপুরের তৃণমূল কংগ্রেস প্রার্থী ইউসুফ পাঠানের প্রচারে বিশ্বকাপ জয় ও সচিন তেন্ডুলকরের ছবি ব্যবহার করা নিয়ে নির্বাচন কমিশন, রিপোর্ট তলব করেছে। কেন সচিনের ছবি ব্যবহার করা হয়েছে, সেক্ষেত্রে কোনও বৈধ অনুমতি রয়েছে কি না,

মুর্শিদাবাদের জেলা শাসকের কাছে তা জানতে চাওয়া হয়েছে বলে কমিশন সূত্রে খবর। জাতীয় ক্রিকেট দলের সাফল্যকে বহরমপুরের তৃণমূল কংগ্রেস প্রার্থী নিজের প্রচারে স্বার্থ সিদ্ধির জন্য ব্যবহার করছেন বলে কংগ্রেসের তরফে অভিযোগ তোলা হয়েছে। ক্রিকেটারদের থেকে অনুমতি না নিয়েই তাঁদের ছবি ব্যবহার করা হয়েছে বলেও তারা কমিশনের কাছে অভিযোগ জানিয়েছেন। যার ভিত্তিতে জেলাশাসকদের কাছ থেকে রিপোর্ট তলব করেছে কমিশন। সূত্রের খবর, ইতমধ্যেই জেলাশাসক তথা জেলা নির্বাচনী আধিকারিক, জেলা তৃণমূল কংগ্রেস সভাপতি ও ফ্লেক্সগুলি যে সংস্থাকে তৈরি করতে দেওয়া হয়েছিল, সেই সংস্থার কাছ থেকে জবাব তলব করেছেন। যদিও ইউসুফ পাঠান ইতোমধ্যেই তাঁর বিরুদ্ধে ওঠা অভিযোগের জবাব দিয়েছেন। তিনি বলেছেন, বিশ্বকাপ জয়ী দলের সদস্য ছিলেন তিনি, তাই বিশ্বকাপের সঙ্গে তাঁর ছবি রয়েছে।

-------------------------------

মালদা উত্তরের কেন্দ্রের বিজেপি প্রার্থী খগেন মুর্মুর বিরুদ্ধে মুখ্য নির্বাচনী আধিকারিকের কাছে আদর্শ আচরণবিধির লঙ্ঘণের অভিযোগ জানিয়েছেন ওই কেন্দ্রেরই তৃনমূল কংগ্রেস প্রার্থী , প্রাক্তন আইপিএস প্রসূন বন্দ্যোপাধ্যায়। আরিজ আফতাবকে লেখা চিঠিতে তিনি বলেছেন, সরকারি অফিসারদের সঙ্গে গোপনে তাঁর বৈঠক হয়েছে বলে যে দাবি করেছেন বিজেপি প্রার্থী, তা সম্পূর্ন অসত্য এবং ভিত্তিহীন।

-------------------------------

৪০ শতাংশ শারীরিক প্রতিবন্ধকতা আছে এবং ৮৫ বছর ও তার বেশি বয়সী ভোটারদের দ্বিতীয় দফার নির্বাচনে হোম ভোটিং-এর জন্য আবেদনের শেষ দিন আগামী দোসরা এপ্রিল। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী একথা জানান।

(বাইট- অরিন্দম নিয়োগী)

-------------------------------

কৃষ্ণনগরের তৃণমূল কংগ্রেস প্রার্থী মহুয়া মৈত্র, ইডির বিরুদ্ধে তথ্য ফাঁসের অভিযোগ করেছেন। বিদেশি মুদ্রা লেনদেন সম্পর্কে জিজ্ঞাসাবাদের জন্য তাঁকে গতকাল দিল্লীর দপ্তরে ইডির তলব করা নিয়ে সাংবাদিকরা প্রশ্ন করলে মহুয়া এই অভিযোগ করেন।

বাইট

-------------------------------

সন্দেশখালিতে ৫ ই জানুয়ারি ইডি আধিকারিকদের ওপর হামলার ঘটনায় মূল অভিযুক্ত শেখ শাজাহানকে ৯'ই এপ্রিল পর্যন্ত জেল হেফাজতে পাঠানো হয়েছে। ছ'দিনের CBI হেফাজত শেষে গতকাল ফের শাজাহান এবং মেহেবুর মোল্লা ও সুকোমল সর্দারকে বসিরহাট আদালতে তোলা হয়। শেখ সাজাহান নিজেকে 'নির্দোষ' বলে দাবী করেছেন। অন্য একটি মামলায় ধৃত ১০ জনকেও আদালতে পেশ করা হয়েছিল। শাজাহান ছাড়াও মেহেবুর এবং সুকোমলকে ৯ই এপ্রিল পর্যন্ত জেল হেফাজতের নির্দেশ দেন বিচারক। বাকিদের দোসরা এপ্রিল পর্যন্ত জেল হেফাজত হয়েছে।

অন্যদিকে, ৫ই জানুয়ারির কুতুবুদ্দিন শেখ ও তার ছেলেকে গতকাল নিজাম প্যালাসে জিজ্ঞাসাবাদ করে সিবিআই। সিসি ক্যামেরার ফুটেজে এদের দেখা গিয়েছিল।

-------------------------------

মালদার হরিশচন্দ্রপুরে বিজেপি যুব মোর্চার নেতার বাড়িতে হামলার ঘটনার প্রতিবাদে গতকাল হরিশ্চন্দ্রপুর থানা ঘেরাও করেন মালদা উত্তরের বিদায়ী সাংসদ তথা বিজেপি প্রার্থী খগেন মুর্মু। কয়েকশো বিজেপি কর্মী দলীয় পতাকা হাতে থানার সামনে বিক্ষোভ দেখান। তৃনমূল কংগ্রেস নেতা পূজন দাসের দলবল পিপলা কাশিমপুর এলাকায় বিগত দু-দিন ধরে হামলা চালাচ্ছে বলে খগেন মুর্মুর অভিযোগ। বিজেপি কর্মীদের বাড়ি ভাঙচুর করা হচ্ছে, চারজন গুরুতর আহত হয়েছেন বলেও তাঁর দাবি।

-------------------------------

পুরুলিয়ার দেবেন মাহাতো মেডিকেল কলেজ ও হাতসপাতালে কর্মীর মারধরে এক আদিবাসী মহিলার মৃত্যুর ঘটনায় পশ্চিমবঙ্ আদিবাসী ভূমিজ মুন্ডা কল্যাম সমিতি উপযুক্ত তদন্তের দাবি করেছে। জানা গেছে, মানবাজারের ঐ আদিবাসী মহিলার ওপর গত সোমবার নির্যাতন চালায় হাসপাতালের এক অস্থায়ী স্বাস্থ্য কর্মী। এতে মৃত্যু হয় রোগিনীর। গ্রেপ্তার হয় অভিযুক্ত। ধৃতের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে পশ্চিমবঙ্গ আদিবাসী ভূমিজ মুন্ডা কল্যাণ সমিতির পক্ষ থেকে জেলা পুলিশ সুপারকে স্মারকলিপি দেওয়া হয়।

-------------------------------

আজ গুড ফ্রাইডে। প্রভু যীশুর ক্রুশবিদ্ধ হওয়ার দিটনি গির্জায় গির্জায় বিশেষ প্রার্থনার মধ্যে দিয়ে পালিত হচ্ছে। বিশ্বজুড়ে খ্রীষ্ট ধর্মাবলম্বী মানুষ, প্রার্থনার মধ্য দিয়ে এই দিনটিতে প্রভু যীশুকে স্মরণ করেন।

------------------------------- -------------------------------